দৈনিক বাংলা

তারিখ 06 OCT 1995
পৃষ্ঠা 7 কলাম 6

136

ঢাকা বিশ্ববিদ্যালয়

# অনার্স ও মাস্টার্স পরীক্ষার তারিখ আবার পরিবর্তন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাস্টার্স ফাইনাল পরীক্ষার সময়সূচী আবার পরিবর্তনের সিদ্ধান্ত হয়েছে।

গত ৪ ও ৫ অক্টোবর কর্তৃপক্ষ সকল বিভাগের প্রফেসর ও বিভাগীয় চেয়ারম্যান এবং ডীনদের সঙ্গে বৈঠক শেষে এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

৫-এর পৃঃ দ্রঃ)

## অনার্স ও মাস্টার্স

তিন বিরোধীদলের ১৬, ১৭, ১৮ ও ১৯ অক্টোবর হরতাল আহবানের কারণে পরীক্ষার সময়সূচীর পরিবর্তন করা হলো।

পরিবর্তিত সময়সূচী অনুযায়ী অনার্স ফাইনাল পরীক্ষা ১৭ অক্টোবরের পরিবর্তে ২৩ অক্টোবর এবং মাস্টার্স ফাইনাল পরীক্ষা ২৪ অক্টোবর থেকে শুরু হবে। ২৩ অক্টোবর ও ২৪ অক্টোবরের দ্বিতীয় পত্রের পরীক্ষার জায়গায় এদিন প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া অন্যান্য পরীক্ষা পরিবর্তিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৪ ও ৫ অক্টোবরের সভায় উপস্থিত শিক্ষক মন্ডলী পরীক্ষার সময়সূচী পরিবর্তনের কোন যৌক্তিকতা নেই মত প্রকাশ করেছেন বলে বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। এছাড়া পরীক্ষা পিছানোর দাবীকে কেন্দ্র করে সম্প্রতি প্রশাসনিক ভবনে যে ভাংচুরের ঘটনা ঘটে সভায় তার নিন্দা করা হয়। এধরনের ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণেরও দাবী করা হয়েছে।

এদিকে গতকাল সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মোঃ হাবিবুর রহমানের সঙ্গে যোগা-যোগ করা হলে তিনি বলেন, পরিবর্তিত সময়সূচী বিভাগীয় কার্যা-লয়ে পাঠানো হবে। কবে নাগাদ পাঠানো হবে এ সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন হরতালের কারণে সোমবার বিকালের আগে পাঠানো সম্ভব হবে না। ছাত্রদের দাবীছিল প্রতিটি পরীক্ষার মাঝে পর্যাপ্ত বিরতির। নতুন সময় সূচীতে কতদিন বিরতি আছে জানতে চাইলে পরীক্ষা নিয়ন্ত্রক জানান, মোটামুটি ৭/৮দিন প্রতি পরীক্ষার মাঝে বিরতি দেয়া হবে। উল্লেখ্য বিরোধীদলগুলোর হরতালের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাস্টার্স ফাইনাল পরীক্ষার তারিখ দ্বিতীয়বারের মতন পরিবর্তন করা হলো।